ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৫১১২

উদয়পুর,৭ মার্চ,২০২৪

তৃতীয় রাজ্যভিত্তিক গজরাজ উৎসবের উদ্বোধন

পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বন ও বন্য প্রাণীকে রক্ষা করতে হবে : অর্থমন্ত্রী

পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বন ও বন্য প্রাণীকে রক্ষা করতে হবে। পরিবেশ ও প্রকৃতিকে রক্ষা করা আমাদের কর্তব্য। আজ উদয়পুরের চন্দ্রপুর উচ্চ বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে দুইদিন ব্যাপী তৃতীয় রাজ্যভিত্তিক গজরাজ উৎসবের উদ্বোধন করে একথা বলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়। অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, মানুষকে পরিবেশ সম্বন্ধে সচেতন করার জন্য এই উৎসবের আয়োজন। প্রত্যেক প্রাণী যাতে খুব সুন্দরভাবে বাঁচতে পারে তারজন্য সকলকে এগিয়ে আসতে হবে। বন যাতে ধ্বংস না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

অনুষ্ঠানে বিধায়ক জিতেন্দ্র মজুমদার বলেন, বন ধ্বংস রোধ করে বন্য প্রাণী ও পাখিদের রক্ষায় সকলকে এগিয়ে আসতে হবে। বিধায়ক অভিষেক দেবরায় বলেন, হাতি আমাদের ঐতিহ্যের প্রতীক। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পিসিসিএফ ড. এ এম কানফাডে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলার জেলা বনাধিকারিক হরেকৃষ্ণ ভিগনেশ। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায়। উপস্থিত ছিলেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

*****